কিলাব

তারিখ 09 MAR 2008
পৃষ্ঠা ৯ কলাম 2

ভূঞাপুর লোকমান ফকির মহিলা কলেজ

# প্রিন্সিপাল আবুল হোসেনের বিরুদ্ধে ছাত্রী উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

**স্টাফ রিপোর্টার ঃ** টাঙ্গাইলের ভূঞাপুর লোকমান ফকির মহিলা কলেজের প্রিন্সিপাল মোঃ আবুল হোসেন তালুকদার ছাত্রী উপবৃত্তির এক লাখ সাতাত্তর হাজার টাকা আত্মসাৎ করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ কাজে প্রিন্সিপালকে সহায়তা করেছেন কলেজের অফিস সহকারী মোঃ আনোয়ার হোসেন। এ টাকা সোনালী ব্যাংকের ভূঞাপুর শাখায় প্রিন্সিপালের ব্যক্তিগত হিসাব নম্বরে রাখা হয়েছে জানা গেছে।

সূত্র মতে, এক লাখ সাতাত্তর হাজার টাকা শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ছাত্রীদের উপবৃত্তি হিসেবে প্রদান করে। ২০০৭ সালের মে-জুন মাসে এ টাকার চেক প্রিন্সিপাল বরাবর হস্তান্তর করে। চেকের টাকা ছাত্রীদের মধ্যে বিতরণ না করে প্রিন্সিপাল ভুয়া মাস্টার রোল তৈরী করে মন্ত্রণালয়ে পাঠান। বিষয়টি মৌখিকভাবে উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে। কলেজের গভর্নিং বডির পক্ষ থেকে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান বরাবর ইতোমধ্যে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের আবেদন জানানো হয়েছে। এ বিষয়ে প্রিন্সিপাল মোঃ আবুল হোসেন তালুকদার ইনকিলাবকে বলেন, আমার বিরুদ্ধে যেসব অভিযোগ আনা হয়েছে সেগুলো সত্য নয়। আমাকে ফাঁসানোর মাধ্যমে সরিয়ে দেয়ার প্রক্রিয়া হচ্ছে। আর এ কাজটি করছে গভর্নিং বডি। তিনি বলেন, প্রথমে আমার ব্যক্তিগত হিসাব নম্বরে এ টাকা রেখেছি, এটা সত্য। কিন্তু পরবর্তীতে তা কলেজের পরিবেশ উন্নয়ন কমিটির মাধ্যমে ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়।